

প্রধানমন্ত্রীর সঙ্গে জাপানের প্রধানমন্ত্রী শিনজো আবের বৈঠক

জুলাই ০৮, ২০১৭

চলতি জি-২০ সম্মেলনের ফাঁকে হামবুর্গে প্রধানমন্ত্রী দ্বিপাক্ষিক বৈঠক করলেন জাপানের প্রধানমন্ত্রী শিনজো আবের সঙ্গে।

দুই নেতা দ্বিপাক্ষিক সম্পর্কের অগ্রগতি নিয়ে বিস্তারিত পর্যালোচনা করেন, এর মধ্যে ছিল বেশ কিছু গুরুত্বপূর্ণ প্রকল্প, যা ২০১৬ সালের নভেম্বরে প্রধানমন্ত্রীর জাপান সফরের সময়ে আলোচনা হয়েছিল। তার পর থেকে দ্বিপাক্ষিক সম্পর্কের অগ্রগতি প্রসঙ্গে সন্তুষ্টি প্রকাশ করেন প্রধানমন্ত্রী।

প্রধানমন্ত্রী বলেন, পরবর্তী বার্ষিক সম্মেলনে যোগ দেওয়ার জন্য প্রধানমন্ত্রী আবের আসন্ন ভারত সফরের দিকে তিনি তাকিয়ে আছেন তিনি এবং আশা প্রকাশ করেছেন, ওই সফর দু'দেশের সহযোগিতাকে আরও মজবুত করবে।

নয়াদিল্লি

জুলাই ০৭, ২০১৭